দৈনিক সংবাদ

JUN 19 2002

তারিখ ...............
পৃষ্ঠা ১১ কলাম ৮

# বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা দেয়ার জন্য আইন হচ্ছে

**সংসদ বার্তা পরিবেশক :** বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের অবসর ভাতা দেয়ার জন্য আইন তৈরি করা হচ্ছে। এছাড়া বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতা বাড়ানো হবে। সোমবার জাতীয় সংসদের অধিবেশনে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এবং সংসদে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন এ তথ্য দিয়েছেন।

৭১ বিধিতে জামাতের সদস্য রিয়াসত আলী বিশ্বাসের দেয়া জনগুরুত্বসম্পন্ন নোটিশের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের অবসর ভাতা দেয়ার জন্য ইতোপূর্বে বিএনপি সরকারের আমলে দু'দফায় ২৯ কোটি টাকা ব্যাংকে জমা করা হয়। এ ব্যাপারে একটি অধ্যাদেশও জারি করা হয়। এই অধ্যাদেশটি ৬ মাসের মধ্যে আইনে পরিণত হওয়া দরকার ছিল। কিন্তু পরবর্তীতে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে অধ্যাদেশটিকে আইনে পরিণত করেনি। ফলে অধ্যাদেশটি স্থগিত হয়ে যায়। বর্তমানে জমাকৃত অর্থও ব্যয় করা সম্ভব হচ্ছে না। বর্তমান সরকার এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নিচ্ছে।

বিএনপির সদস্য হেলালুজ্জামান তালুকদার লালুর ৭১ বিধিতে দেয়া আর একটি নোটিশের ব্যাপারে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যমন্ত্রী সংসদকে জানান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন-ভাতার ব্যবধান কমানোর চেষ্টা করা হচ্ছে।

মন্ত্রী জানান, দেশে বর্তমানে রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ৪শ' ২৮টি এবং এই বিদ্যালয়গুলোতে ৭৭ হাজার ২শ' ৩৩ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। পাশাপাশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৭ হাজার ৬শ' ৭১টি এবং শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ১ লাখ ৬২ হাজার।